

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
www.dsherangpur.gov.bd

স্মারক নং ৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.১৯. ৩৬৭

তারিখ : ০৭.০৪.২০১৯ খ্রি.


বিষয় : উপস্থিতি নিশ্চিতকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার স্মারক নং ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.২৭, তারিখ: ১৮.০৩.২০১৯ খ্রি. মোতাবেক সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের কর্মস্থলে সময়মতো উপস্থিতি নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শনকালে কিছু কিছু বিদ্যালয়ের শিক্ষকগণ হাজিরা খাতায় স্বাক্ষর না করায় উপস্থিতি নিশ্চিত করা যাচ্ছে না। এমতাবস্থায় বিদ্যালয়ে শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকগণের জন্য হাজিরা খাতা ব্যবহার পূর্বক আগমন ও প্রস্থান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে শিক্ষার মান উন্নয়ন করার ব্যাপারে সরকারের দিক নির্দেশনা রয়েছে। শিক্ষার মান উন্নয়নে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করাসহ মাল্টিমিডিয়া মাধ্যমে শ্রেণি পাঠদান অত্যাবশ্যিক। এছাড়াও বায়োমেট্রিক পদ্ধতিতে শিক্ষকদের উপস্থিতি, শিক্ষার্থী অনুপস্থিত থাকলে SMS এর মাধ্যমে অভিভাবককে জানানো, শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল ডাটাবেজের মাধ্যমে সম্পন্ন করে ওয়েবসাইটের সাহায্যে শিক্ষার্থী ও অভিভাবককে জানানো। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে এই তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

প্রধান শিক্ষক

স্বাক্ষর মরহুমী হাফিজুল ইসলাম
রংপুর অঞ্চল, রংপুর।



মো: আখতারুজ্জামান
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর
ddrangpur@yahoo.com

স্মারক নং ৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.১৯.

তারিখ : .০৪.২০১৯ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। সংরক্ষণ নথি।

//

মো: আখতারুজ্জামান
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর
ddrangpur@yahoo.com